



জনসংযোগ কার্যালয়  
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

সাভার, ঢাকা, বাংলাদেশ  
ফোন: ৭৭৯১০৪৫-৫১  
ফ্যাক্স: ০২২২৪৪৯১০৫২  
ওয়েবসাইট: www.juniv.edu

প্রেস বিজ্ঞপ্তি (অভিনন্দন বার্তা)

বিশ্বখ্যাত টাইমস হায়ার এডুকেশনের 'ওয়ার্ল্ড ইউনিভার্সিটি সাবজেক্ট র‍্যাঙ্কিং-২০২৫'-এ  
কম্পিউটার সায়েন্স ক্যাটাগরিতে এবং ফিজিক্যাল সায়েন্স ক্যাটাগরির জিওলোজি,  
এনভায়রনমেন্টাল, আর্থ এন্ড মেরিন সায়েন্স বিষয়ে দেশসেরা জাবি ॥ উপাচার্যের অভিনন্দন

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ২৬ জানুয়ারি ২০২৫

যুক্তরাজ্যভিত্তিক বিশ্বখ্যাত শিক্ষা সাময়িকী টাইমস হায়ার এডুকেশন-এর ওয়ার্ল্ড ইউনিভার্সিটি বিষয়ভিত্তিক র‍্যাঙ্কিং ২০২৫-এ জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় কম্পিউটার সায়েন্স ক্যাটাগরিতে এবং ফিজিক্যাল সায়েন্স ক্যাটাগরিতে জিওলোজি, এনভায়রনমেন্টাল, আর্থ এন্ড মেরিন সায়েন্স বিষয়ে দেশসেরা হওয়ার গৌরব অর্জন করেছে।

গত ২২ জানুয়ারি ২০২৫ তারিখে টাইমস হায়ার এডুকেশন ১১টি ক্যাটাগরিতে এ র‍্যাঙ্কিং প্রকাশ করে।

বিষয়ভিত্তিক আন্তর্জাতিক র‍্যাঙ্কিংয়ে কম্পিউটার সায়েন্স ক্যাটাগরিতে এবং ফিজিক্যাল সায়েন্স ক্যাটাগরির জিওলোজি, এনভায়রনমেন্টাল, আর্থ এন্ড মেরিন সায়েন্স বিষয়ে দেশসেরা হওয়ায় শিক্ষক-শিক্ষার্থী-গবেষকসহ এতদসঙ্গে জড়িত সকলকে উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ কামরুল আহসান অভিনন্দন ও শুভেচ্ছা জানিয়েছেন।

আজ এক অভিনন্দন বার্তায় উপাচার্য বলেন, টাইমস হায়ার এডুকেশন 'ওয়ার্ল্ড ইউনিভার্সিটি সাবজেক্ট র‍্যাঙ্কিং-২০২৫' এ কম্পিউটার সায়েন্স ক্যাটাগরিতে এবং ফিজিক্যাল সায়েন্স ক্যাটাগরির জিওলোজি, এনভায়রনমেন্টাল, আর্থ এন্ড মেরিন সায়েন্স বিষয়ে দেশসেরা হওয়া সম্মান ও গৌরবের। এই অর্জনে আন্তর্জাতিক পরিমণ্ডলে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের পরিচিতি ও সুনাম বৃদ্ধি পেয়েছে। বিশ্ববিদ্যালয় প্রশাসন এতে আনন্দিত। উপাচার্য আশা প্রকাশ করেন, এই অর্জন সকল বিভাগের জন্য অনুপ্রেরণা হিসেবে কাজ করবে এবং সার্বিকভাবে বিশ্ব র‍্যাঙ্কিংয়ে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়কে আরও এগিয়ে নিতে ভূমিকা রাখবে। অভিনন্দন বার্তায় উপাচার্য আরও বলেন, বিশ্ববিদ্যালয়ের বর্তমান প্রশাসন শিক্ষা-গবেষণার সুযোগ-সুবিধার সম্প্রসারণ এবং মান বৃদ্ধি ও পরিবেশ উন্নয়নে প্রতিশ্রুতিবদ্ধ। এ লক্ষ্যে ইতোমধ্যে আন্তর্জাতিক জার্নালে গবেষণা প্রবন্ধ প্রকাশনার ক্ষেত্রে আর্থিক প্রণোদনা বৃদ্ধি করা হয়েছে। এ প্রণোদনা অব্যাহত থাকবে।

উল্লেখ্য, টাইমস হায়ার এডুকেশনের র‍্যাঙ্কিংয়ে কম্পিউটার সায়েন্স ক্যাটাগরিতে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের অবস্থান ৪০১-৫০০-এর মধ্যে এবং ফিজিক্যাল সায়েন্স ক্যাটাগরির জিওলোজি, এনভায়রনমেন্টাল, আর্থ এন্ড মেরিন সায়েন্স বিষয়ে ৬০১-৮০০ এর মধ্যে অবস্থান করছে, যা দেশের মধ্যে সর্বোচ্চ।

মোহাম্মদ মহিউদ্দিন, পিএইচডি

পরিচালক (ভারপ্রাপ্ত)